**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিল্প মন্ত্রণালয়**
**এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা**
**৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।**
www.moind.gov.bd

**শিল্প মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির নভেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব জাকিয়া সুলতানা
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২৮/১১/২০২১
সময় : বেলা ১২.০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ২৪/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

০২. সভায় উপস্থাপিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি ও কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | সভায় জানানো হয় যে, শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত আছে। | শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়। |
| ২. | শিল্প মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় প্রথম ত্রৈমাসিকে শতভাগ বাস্তবায়ন হয়েছে এবং পরিবীক্ষণ প্রতিবেদন গত ১৪/১০/২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে ও ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | শিল্প মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়। |
| ৩. | সভায় অবহিত করা হয় যে, ই-নথিতে বাস্তবায়ন অগ্রগতি ৯০% এ উন্নীত করার বিষয়টি শিল্প মন্ত্রণালয়ের সকল অতিরিক্ত সচিব ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণকে পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরের ১ম ত্রৈমাসিকে ই-ফাইলে বাস্তবায়ন অর্জন ৮৪.২১%। | দাপ্তরিক কার্যক্রমে ই-ফাইলে বাস্তবায়ন অগ্রগতি ৯০% উন্নীত করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। সকল কর্মকর্তাকে ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল)। |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪. | সভাকে অবহিত করা হয় যে, এ পর্যন্ত ১২ টি দপ্তর/সংস্থায় সর্বমোট ৮০০ জন প্রশিক্ষণার্থীকে আইএপি প্রণয়ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। প্রশিক্ষণলব্ধ জ্ঞান আইএপি প্রণয়ন ও বাস্তবায়নে ব্যবহার হচ্ছে। তাছাড়া দপ্তর/সংস্থায় এ বিষয়ে প্রশিক্ষণ চলমান আছে। | প্রশিক্ষণলব্ধ জ্ঞান আইএপি প্রণয়ন ও বাস্তবায়নে প্রয়োগ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল)। |
| ৫. | সভাকে অবহিত করা হয় যে, ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান গত ২৮/৯/২১ তারিখে সম্পন্ন করা হয়েছে। সে অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান যথাসময়ে বাস্তবায়ন করা হবে। | ২০২০-২১ অর্থবছর অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়। |
| ৬. | (ক) সভায় জানানো হয় যে, আইএপি বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য শিল্প মন্ত্রণালয়ের সকল অতিরিক্ত সচিব ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণকে অবহিত করা হয়েছে। প্রতিমাসে অনুবিভাগ সভায় ও দপ্তর/সংস্থায় মাসিক সভায় ব্যক্তিকেন্দ্রিক কর্ম-পরিকল্পনার (IAP) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হচ্ছে। | ক. প্রতিমাসে অনুবিভাগ পর্যায়ের সভায় ও দপ্তর/সংস্থায় মাসিক সভায় ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনার (IAP) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল)। |
| | (খ) সভায় অবহিত করা হয় যে, ২০২১-২২ অর্থবছরের আইএপি'র কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত আছে। অধিকাংশ আইএপি'র সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং শীঘ্রই তা সম্পন্ন হবে। | খ. লক্ষ্যমাত্রা অনুযায়ী আইএপি'র কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। সকল কর্মকর্তাদের নিয়ে IAP স্বাক্ষর অনুষ্ঠান আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল)। |
| ৭. | সভায় অবহিত করা হয় যে, ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ১ম ত্রৈমাসিক অর্জন প্রতিবেদন ও কর্ম পরিকল্পনার সংশোধন প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগ এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। নৈতিকতা কমিটির কার্যপরিধির বিষয়ে সভায় আলোচনা করা হয়। | দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে যে সকল সাফল্য ও অন্তরায় রয়েছে তা চিহ্নিতকরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দিতে হবে। | উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা)। |

০৩. অত:পর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/১২/২০২১

জাকিয়া সুলতানা
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়।